

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
আইসিটি সেল

সভাপতি মোহাম্মদ আবুল কালাম  
অতিরিক্ত সচিব  
সভার তারিখ ০৫-০১-২০২১ খ্রিঃ  
সভার সময় সকাল ১০:০০ ঘটিকা।  
স্থান বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮)।  
উপস্থিতি সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি ইনোভেশন বিষয়ক সভায় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে, মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা-এর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে উপস্থিত কর্মকর্তাদের সাথে পর্যালোচনা করেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২০-২০২১-এর ১৩.২ নং সূচকে বর্ণিত “স্বীয় দপ্তরসহ আওতাধীন অধিদপ্তর/দপ্তর সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ” এবং ৪.৩ নং সূচকে বর্ণিত “সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের” লক্ষ্যে বিশদ আলোচনা করেন।

২। অতঃপর স্বীয় দপ্তরসহ আওতাধীন অধিদপ্তর/দপ্তর সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ক)	সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন	সেবা সহজিকরণে/ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ কর্মশালা স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জানুয়ারি/২০২০ মাসের মধ্যে আয়োজন করা যেতে পারে।	সেবা সহজিকরণে/ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ কর্মশালা স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জানুয়ারি/ ২০২০ মাসের মধ্যে আয়োজন করতে হবে।	প্রশাসন-১ শাখা/ইনোভেশন টিম
খ)	দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ	সকল দপ্তর/সংস্থাকে উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ এবং প্রতিবেদনের প্রেজেন্টেশন উপস্থাপন সংক্রান্ত।	সকল দপ্তর/সংস্থাকে উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং প্রতিবেদনের প্রেজেন্টেশন মন্ত্রণালয়ের ইনোভেশন সভায় উপস্থাপন করতে হবে।	সকল দপ্তর/সংস্থা
গ)	মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান	বিটিএমসি, ঢাকা এবং বাংলাদেশ রেশম উন্নয়ন, রাজশাহী-এর মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করা যেতে পারে।	বিটিএমসি, ঢাকা এবং বাংলাদেশ রেশম উন্নয়ন, রাজশাহী-এর মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন করতে হবে।	ইনোভেশন টিম

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

স্বাঃ/-  
(মোহাম্মদ আবুল কালাম, এনডিসি)  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১২৩.৯৯.০১১.১৯- ০৬

তারিখ: ০৫ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক বস্ত্র/পাট অধিদপ্তর।
- ২) চেয়ারম্যান বিটিএমসি/বিজেএমসি/তীত বোর্ড।
- ৩) নির্বাহী পরিচালক জেডিপিসি।
- ৪) মহাপরিচালক রেশম উন্নয়ন বোর্ড।
- ৫) পরিচালক, রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
- ৬) অতিরিক্ত সচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) উপসচিব (পরিকল্পনা-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) উপসচিব (বস্ত্র-৩), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) উপসচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) সিনিয়র সহকারী সচিব (পাট-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়। (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)